

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



এ.পি.এ. টিমের ৯ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান
সভার তারিখ	২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বিকাল ৩.০০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত এ.পি.এ. টিমের ৮ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, আজকের এ.পি.এ. টিমের সভায় অধিদপ্তর-দপ্তর-সংস্থার এ.পি.এ. ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হয়েছে। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ. নির্দেশিকা প্রকাশ করা হয়েছে যা অধিদপ্তর-দপ্তর-সংস্থায় প্রেরণ করা হয়েছে। তিনি ২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ. নির্দেশিকার আলোকে এ.পি.এ. প্রস্তুতের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। মাউশি অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, তিনি ২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ. নির্দেশিকা পেয়েছেন এবং ২০২১-২০২২ অর্থবছরের নির্দেশিকার আলোকে এ.পি.এ. প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। সভাপতি সকলের জন্য খুব অল্প সময়ের মধ্যে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে আশ্বস্ত করেন। সদস্য সচিব বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের কার্যক্রম বাস্তবায়নের সাথে যে সকল প্রমাণক সরবরাহ করতে হবে সে সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে পত্রও প্রেরণ করা হয়েছে। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ. বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। মাউশি অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, আইসিটি বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণের কার্যক্রমটি সেসিপ প্রোগ্রাম থেকে বাস্তবায়িত হয়। কিন্তু এ কার্যক্রম বাস্তবায়নের গতি সন্তোষজনক নয়। তিনি আরও জানান যে, মাউশি অধিদপ্তরের অন্যান্য কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এ.পি.এ. কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি সচিব মহোদয় সরাসরি মনিটরিং করছেন। সুতরাং কোন কার্যক্রম অসম্পন্ন থাকার কোন সুযোগ নেই। আইসিটি বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের কার্যক্রমটি এপ্রিল মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সেসিপ প্রকল্পের যুগ্ম প্রোগ্রাম পরিচালক-কে তাগিদ দেয়া হবে মর্মে তিনি সভায় সকলকে অবহিত করেন। অন্যান্য অধিদপ্তর-দপ্তর-সংস্থার ফোকাল পয়েন্টগণ ২০২০-২০২১ অর্থবছরে তাদের এ.পি.এ. কার্যক্রম সম্পাদনের অগ্রগতি সন্তোষজনক মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন। সদস্য সচিব জানান যে, অন্যান্য বছর শুধুমাত্র মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা'র সাথে এ.পি.এ. চুক্তি সম্পাদিত হয়ে আসছে। কিন্তু এবার সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল-কে এ.পি.এ. চুক্তির আওতায় আনা হবে। পরবর্তীতে এ.পি.এ. কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ. নির্দেশিকার আলোকে এ.পি.এ. প্রস্তুতের জন্য জরুরী ভিত্তিতে সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে প্রশিক্ষণ প্রদান করতে হবে;
৩.২	২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে APAMS সফটওয়্যারে এন্ট্রি এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে;
৩.৩	২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র কার্যক্রম অনুযায়ী আইসিটি বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ এপ্রিল'২০২১ মাসের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সেসিপ প্রকল্পের যুগ্ম প্রোগ্রাম পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করবেন;
৩.৪	২০২১-২০২২ অর্থবছরে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং সকল শিক্ষা বোর্ডকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ.  
টিম প্রধান

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৬৩

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
- ৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) উপসচিব, এস.ডি.জি. শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৮) উপসচিব (সংযুক্ত), কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৯) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), শিক্ষা ভবন, ঢাকা।
- ১০) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



মোঃ ফজলুর রহমান  
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)